মেহেরপুরে সমাজসেবার সহকারি পরিচালকের বদলীর দাবিতে মানববন্ধন

মেহেরপুর সমাজসেবার সহকারি পরিচালক কাজী কাদের মোঃ ফজলে রাব্বির বদলীর দাবিতে মানববন্ধন ও বিক্ষোভ করেছে সাধারণ ছাত্র জনতা।

সোমবার (১৩ই জানুয়ারি) সকালে জেলা প্রশাসকের কার্যালয়ের সামনে এই মানববন্ধন ও বিক্ষোভ অনুষ্ঠিত হয়। এসময় বক্তব্য রাখেন তাহসিন রাব্বি, মাহাফুজুর রহমান সুইম, হাফিজুর হক প্রমুখ।

বক্তারা বলেন, আওয়ামী লীগের দোসর ফজলে রাব্বি নানা অনিয়ম দুর্নীতিতে জড়িত। জেলা সমাজসেবাকে সে দুর্নীতির আতুরঘর বানিয়েছে। ইতোপূর্বে বিভিন্ন গণমাধ্যম তার বিরুদ্ধে একাধিক সংবাদ প্রকাশিত হয়েছে। তার বিরুদ্ধে বিগত ও বতর্মান জেলা প্রশাসকের কাছে অভিযোগ দেওয়া হয়েছে। তারপরও তার বিরুদ্ধে কোন ব্যবস্থা নেওয়া হয়নি। এই দুর্নীতিবাজকে মেহেরপুর থেকে দ্রুত বদলী করা না হলে আগামীতে কঠোর কর্মসূচি পালন করা হবে।